গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নম্বর-২৮.০০.০০০০.০২০.১১.০০১.২৩.১১৩

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩০ / ১০ মে ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের রাজস্ব খাতভুক্ত ৪ ক্যাটাগরির ১৬টি শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র (http://emrd.teletalk.com.bd ওয়েবসাইটে) আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম এবং জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতনস্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | সাট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>বেতনস্কেল-১১,০০০-২৬,৫৯০/- | ৩ (তিন)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ;<br>(ঙ) কম্পিউটারে Word Proccessing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, শরীয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোণা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, বগুড়া, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, খুলনা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, কুষ্টিয়া, মেহেরপুর, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>বেতনস্কেল-১১,০০০-২৬,৫৯০/- | ৩ (তিন)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ৩. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>বেতনস্কেল-৯,৩০০-২২,৪৯০/- | ৩ (তিন)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ; | |
| ৪. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতনস্কেল-৮,২৫০-২০,০১০/- | ৭ (সাত)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, গোপালগঞ্জ, শরীয়তপুর, ময়মনসিংহ, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, জয়পুরহাট, পাবনা, নাটোর, চাপাইনবাবগঞ্জ, দিনাজপুর, গাইবান্ধা, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগর, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

১. বয়সসীমা (Age limit): **০৮/০৬/২০২৩** তারিখে বয়স-

(ক) সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার (নাতি-নাতনি) ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর;

(ঘ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর;

(গ) বর্ণিত ছকের ১ ও ৩নং ক্রমিকে উল্লিখিত পদের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯ নম্বর পত্র অনুযায়ী আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবেন। তবে বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

MMRahman

২. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্নদিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূলকপি জমা দিতে হবে।

৩. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থী http://emrd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২১/০৫/২০২৩, রবিবার, সকাল ১০.০০ ঘটিকা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৮/০৬/২০২৩, বৃহস্পতিবার, বিকাল ০৪.০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১-৩ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০.০০/- (দুইশত টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩.০০/- (তেইশ টাকা) মোট ২২৩.০০/- (দুইশত তেইশ টাকা) এবং ৪ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০.০০/- (একশত টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২.০০/- (বারো টাকা) মোট ১১২.০০/- (একশত বারো টাকা) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।'

**প্রথম SMS:** **EMRD**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
*Example:* **EMRD ABCDEF**
*Reply: Applicant's Name, Tk-223/112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type EMRD<Space>Yes<Space>PIN and send to 16222.*

**দ্বিতীয় SMS:** **EMRD**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
*Example:* **EMRD YES 12345678**
*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for EMRD Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://emrd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID জানা থাকলে: EMRD**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **EMRD Help User ABCDEF** & send to 16222

ii. **PIN Number জানা থাকলে: EMRD**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: **EMRD Help PIN 12345678** & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ওয়েবপোর্টাল www.emrd.gov.bd এবং http://emrd.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd/emrd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.emrd.gov.bd ওয়েবসাইট প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

ঞ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক নম্বর থেকে 121 বা ৯৫১৪১৬৫ নম্বর অথবা dsadmin1@emrd.gov.bd ও alljobs_query@teletalk.com.bd ই-মেইল যোগে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject এ Organization Name : EMRD. Post Name : *********** Applicants User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

ট. * **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

(গ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি;

(চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।

৫. সাট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৬. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান, সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৭. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

MMRahman
২০/০৫/২০২০

(এ কে এম মিজানুর রহমান)
উপসচিব
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ